অতিরিক্ত ক্লাস ও রিসোর্স টিচার (এ.সি-আর.টি)
অপারেশন ম্যানুয়াল

সেকেন্ডারি এডুকেশন কোয়ালিটি এন্ড অ্যাকসেস এনহান্সম্যান্ট প্রজেক্ট
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা মন্ত্রণালয়

ক. ভূমিকা:

১. প্রকল্পের উদ্দেশ্য:

সেকেন্ডারি এডুকেশন কোয়ালিটি অ্যান্ড অ্যাকসেস এনহান্সমেন্ট প্রজেক্ট (সেকায়েপ)-এর উদ্দেশ্য হচ্ছে প্রকল্প উপজেলাসমূহে মাধ্যমিক পর্যায়ে শিক্ষার মানোন্নয়ন, ধারাবাহিকভাবে শিক্ষণ ফলাফল পর্যবেক্ষণ এবং সবার জন্য শিক্ষার সমান সুযোগ বাড়ানো। মূল সেকায়েপ ১২৫টি উপজেলার মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে সহায়তা প্রদান করছে এবং অতিরিক্ত অর্থায়নের ফলে প্রকল্পের কার্যক্রম আরও ৯০টি উপজেলায় সম্প্রসারিত হবে। অর্থাৎ মোট ২১৫টি উপজেলা প্রকল্প কার্যক্রমের আওতায় আসবে।

২. অতিরিক্ত ক্লাস-রিসোর্স টিচার কর্মসূচির উদ্দেশ্য:

এ কর্মসূচির উদ্দেশ্য দেশের মাধ্যমিক পর্যায়ে শিক্ষার ক্ষেত্রে সবচে কঠিন হিসেবে চিহ্নিতদু'টি বিষয়- ইংরেজি এবং গণিত-এ শিক্ষার্থীদের শিখনের মান উন্নয়ন। কর্মসূচির সুনির্দিষ্ট দু'টি প্রধান উদ্দেশ্য হল:ক) লক্ষিত প্রতিষ্ঠানসমূহের ইংরেজি ও গণিত বিষয়ে শ্রেণি কক্ষ পর্যায়ে শিক্ষণ পদ্ধতির উন্নয়ন; এবং খ) ইংরেজি ও গণিত বিষয়ে সুবিধাভোগী শিক্ষার্থীদের দক্ষতা বৃদ্ধি।

৩. ম্যানুয়্যাল-এর উদ্দেশ্য:

ম্যানুয়্যালটি প্রণয়ন ও গ্রহণের উদ্দেশ্যসমূহ নিম্নরূপ:

ক) বাছাইয়ের শর্তসমূহ নিরূপণ;

খ) অনুসরণীয় নির্বাচন পদ্ধতির বর্ণনা;

গ) সম্পৃক্ত সহযোগীদের ভূমিকা সুস্পষ্ট করা;

ঘ) রিসোর্স টিচারদের কার্যক্রম পরিবীক্ষণ এবং পদ্ধতির বর্ণনা;

ঙ) সম্মানী বিতরণের ব্যাখ্যা।

৪. ম্যানুয়্যালের অন্তর্ভুক্ত বিষয়সমূহ:

ক) প্রতিষ্ঠান, শিক্ষার্থী ও রিসোর্স টিচারের যোগ্যতা ও বাছাই প্রক্রিয়া;

খ) তথ্য এবং অর্থ প্রবাহ/নিয়ন্ত্রণ;

গ) রিসোর্স টিচারের সম্মানী প্রদান পদ্ধতির ব্যাখ্যা;

ঘ) সম্পৃক্ত সহযোগীদের ভূমিকা ও দায়িত্বসমূহের বর্ণনা।

৫. সংশোধিত সংস্করণ:

এটি সেকায়েপ কর্তৃক ব্যবহৃত এসি-আরটি ম্যানুয়্যাল-এর সংশোধিত রূপ। প্রকল্প বাস্তবায়নের প্রয়োজনে ও বাস্তবতার নিরিখে এবং অর্জিত ফলাফল পর্যালোচনার প্রেক্ষিতে বিশ্ব ব্যাংক ও সেকায়েপ-এর পরামর্শ এবং সম্মতিক্রমে এটি সময়ে সময়ে সংশোধন করা যাবে।

৬. এসি-আরটি কর্মসূচির বর্ণনা:

সেকায়েপ এসি-আরটি কর্মসূচির মাধ্যমে নির্বাচিত উপজেলাগুলিতে লক্ষ্যভুক্ত মাধ্যমিক পর্যায়ের প্রতিষ্ঠানসমূহে ইংরেজি ও গণিত বিষয়ে সহায়তা প্রদান করে আসছে। এর লক্ষ্য হচ্ছে ইংরেজি ও গণিত বিষয়ে শিক্ষার্থীদের শিখণ মান বৃদ্ধি। রিসোর্স টিচারগণকে অতিরিক্ত ক্লাস পরিচালনা করার জন্য পদায়ন করা হয়েছে। সারা দেশে ৪০০টি প্রতিষ্ঠানে অতিরিক্ত ক্লাস কার্যক্রম চালু আছে, যার মধ্যে ৩৩৩টি স্কুল ও ৬৯টি মাদ্রাসা। উক্ত প্রতিষ্ঠানসমূহ ৩৭টি জেলার ৫৪টি উপজেলা থেকে নির্বাচন করা হয়েছে। বর্তমানে ৯৬৯ জন রিসোর্স টিচার অতিরিক্ত ক্লাস পরিচালনার কাজে নিয়োজিত। এদের মধ্যে ৪৬৫ জন ইংরেজি ও ৫০৪ জন গণিত বিষয়ের শিক্ষক। এ কর্মসূচি ইংরেজি ও গণিত বিষয়ে অতিরিক্ত সহায়তা কার্যক্রমের ১ম ধাপের পাইলটিং হতে অর্জিত

শিক্ষার আলোকে পরিমার্জিত হয়েছে। চলতি এসি-আরটি কর্মসূচির ওপর দ্রুত মূল্যায়নের ভিত্তিতে এটি আরো পরিশীলিত হবে।

৭. অতিরিক্ত ক্লাস কার্যক্রম:

এ কার্যক্রমের আওতাধীন সহায়তাসমূহের মধ্যে অন্তর্ভুক্ত হলো:

ক) প্রকল্পভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ইংরেজি ও গণিত বিষয়ে রিসোর্স টিচারদের জন্য অতিরিক্ত অনুদানের সংস্থান করা;

খ) প্রকল্পভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানসমূহে নিয়মিত ক্লাস শুরুর পূর্বে অথবা ছুটির দিনগুলিতে অতিরিক্ত ক্লাস পরিচালনা;

গ) লক্ষ্যভুক্ত প্রতিষ্ঠানসমূহে অতিরিক্ত ক্লাস কর্মসূচির সাথে সংশ্লিষ্ট ব্যবস্থাপনা, পর্যবেক্ষণ ও কারিগরি সহায়তা প্রদান নিশ্চিত করা;

ঘ) ডিসেম্বর ২০১৪-এর মধ্যে প্রত্যেক শ্রেণিতে সর্বোচ্চ ৯০টি করে অতিরিক্ত ক্লাস পরিচালনা করার জন্য রিসোর্স টিচারগণকে সংগঠিত করা। প্রতিটি অতিরিক্ত ক্লাসের নির্ধারিত সময় হবে অবশ্যই ১ ঘন্টা।

৮. কার্যক্রম প্রত্যাহার প্রক্রিয়া:

এ কর্মসূচিটি বাস্তবায়িত হবে শুধুমাত্র ২০১৪ শিক্ষা বছরে। ২০১৫ শিক্ষা বছরের শুরু থেকে চালু হওয়া অতিরিক্ত ক্লাস কর্মসূচির স্থলাভিষিক্ত হবে এসিটি। ক্রান্তিকালীন বছরটির জন্য নিম্নলিখিত পদ্ধতিসমূহ অনুসরণ করা হবে:

- এসি-আরটি কর্মসূচি প্রত্যাহৃত হবার পূর্বে ও তদস্থলে এসিটি স্থলাভিষিক্ত হওয়া পর্যন্ত নতুন কোন কার্যক্রম নেয়া হবে না;
- কোন নতুন রিসোর্স টিচার নিয়োগ দেয়া যাবে না। কোন কারণে কোন আরটি ঝরে পড়লে এসিটি কর্মসূচি শুরু হওয়া পর্যন্ত পদটি শূন্য থাকবে;
- এক দিনের নবায়ন প্রশিক্ষণ ছাড়া আরটিদের জন্য অন্য কোন প্রশিক্ষণ আয়োজন করা যাবে না;
- কোন প্রতিষ্ঠানে নতুন কোন শিক্ষণ-শিখন উপকরণ সরবরাহ করা যাবে না;
- এসি-আরটি কর্মসূচিতে নিয়োজিত কনিষ্ঠ পরামর্শকদের অতিরিক্ত নতুন কোন পরামর্শক নিয়োগ করা যাবে না। তবে ২০১৫ থেকে শুরু হওয়া এসিটি'র জন্য নতুন পরামর্শক নেয়া যেতে পারে;
- চলতি আরটি কার্যক্রমের ওপর একটি দ্রুত মূল্যায়ন সম্পাদন করা হবে এবং প্রাপ্ত ফলাফলের ওপর ভিত্তি করে আরটিদের অর্পিত দায়িত্ব ও অন্যান্য বাস্তবায়ন পদ্ধতি পুন:নির্ধারিত হবে।

খ. বাস্তবায়ন প্রক্রিয়া:

৯. পরিচালনামূলক নির্দেশনা:

অনুমোদিত রুটিন অনুযায়ী সংশ্লিষ্ট বিষয়ের রিসোর্স টিচারগণ অতিরিক্ত ক্লাস পরিচালনা করবেন। বিদ্যমান পদ্ধতি অনুযায়ী বিষয় শিক্ষকগণকে ক্লাসে উপস্থিত থাকতে হবে (সংলাগ-৩);

- এসএমএস মনিটরিং এবং সেকায়েপে রিপোর্ট প্রেরণের বিষয়টি শুরু হবে/অব্যাহত থাকবে;
- প্রতিষ্ঠান প্রধানগণ মাসিক ও ত্রৈমাসিক ভিত্তিতে পরিবীক্ষণ যাচাই তালিকা পূরণ করে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার নিকট প্রেরণ করবেন। প্রতিষ্ঠান প্রধান ও পিটিএ/এসএমসি সভাপতিকে মোট অতিরিক্ত ক্লাস সংখ্যার হিসাব প্রতিস্বাক্ষর করতে হবে;
- **নবায়ন প্রশিক্ষণ:** সেকায়েপ কর্মকর্তা ও বিশেষজ্ঞগণ আরটি এবং এসটিদের এক দিনের নবায়ন প্রশিক্ষণ পরিচালনা করবেন;
- **প্রভাব মূল্যায়ন:** ক্লাস রুমে উপকরণের ব্যবহারসহ কর্মসূচি বাস্তবায়নের কার্যকারিতার ওপর একটি দ্রুত মূল্যায়ন পরিচালিত হবে। ২০০ প্রতিষ্ঠানের ওপর এ মূল্যায়ন পরিচালিত হবে, যেগুলির কার্যক্রম শুরু হবে ২০১৫ সাল নাগাদ;
- নিয়মিত দায়িত্বের বাইরে অতিরিক্ত কাজ করার জন্য এইচটি ও এসটিদের সম্মানী প্রদান করা হবে;
- পরিমার্জিত পদ্ধতি অনুযায়ী সেকায়েপভুক্ত প্রতিষ্ঠানসমূহের সাথে সম্পাদিত চুক্তি সংশোধন করা হবে।

১০. প্রতিষ্ঠান নির্বাচন:

অতিরিক্ত ক্লাস বাস্তবায়নাধীন সুবিধাভোগী প্রতিষ্ঠানসমূহ তিন ধাপে নির্বাচিত হয়েছিল:

ক) দারিদ্রতার নির্ণায়কের ভিত্তিতে সেকায়েপ প্রকল্পের মূল উপজেলাসমূহ (১২৫) থেকে নির্বাচিত এসি উপজেলাসমূহ;

খ) দুর্গম উপজেলাসমূহ;

গ) বিগত তিন বছরের এসএসসি/দাখিল পরীক্ষায় নিম্ন ফলাফল অর্জনকারী প্রতিষ্ঠানসমূহ।

২০১২ অর্থ বছরে অতিরিক্ত ক্লাস বাস্তবায়নের লক্ষ্যে সেকায়েপ মোট ৪০০টি প্রতিষ্ঠান নির্বাচন করেছিল। তদানুযায়ী সেকায়েপ অনুমোদিত ৪০০টি প্রতিষ্ঠানে অতিরিক্ত ক্লাস কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে। সেকায়েপ নির্বাচিত প্রতিষ্ঠানসমূহের সাথে পৃথক পৃথক চুক্তিনামা স্বাক্ষর করেছে। এতে প্রতিষ্ঠানসমূহের দায়-দায়িত্ব সুনির্দিষ্টভাবে উল্লেখ আছে (সংলাগ-১ চুক্তি ছক)। বিদ্যমান এসি-আরটি কার্যক্রম সংশোধিত পদ্ধতি অনুযায়ী ৪০০ প্রতিষ্ঠানে অব্যাহত থাকবে।

১১. রিসোর্স টিচার নির্বাচন:

যে কোন বিষয়ে স্নাতক অথবা স্নাতকোত্তর ডিগ্রীধারী যাদের স্নাতক পর্যায়ে ৩০০ নম্বরের ইংরেজি ছিল তাদেরকে সেকায়েপ কর্তৃক রিসোর্স শিক্ষক নিয়োগ করে প্রতিষ্ঠানে পদায়ন করা হয়েছিল। ইংরেজি ভাষার চারটি ক্ষেত্রে (শোনা, বলা, পড়া ও লেখা) দক্ষতা রয়েছে ইংরেজি বিষয়ে এমন স্নাতক অথবা স্নাতকোত্তর ডিগ্রীধারীদেরকে অগ্রাধিকার দেয়া হয়েছে। আরটি নিয়োগ ও পদায়নের ক্ষেত্রে শিক্ষকতার অভিজ্ঞতা জরুরী ছিল না, তবে তাদেরকে অগ্রাধিকার দেয়া হয়েছিল। যে কোন বিষয়ে স্নাতক অথবা স্নাতকোত্তর ডিগ্রীধারী যাদের স্নাতক পর্যায়ে ৩০০ নম্বরের গণিত বিষয় ছিল তাদেরকে গণিত বিষয়ের রিসোর্স শিক্ষক হিসেবে নিয়োগ ও পদায়ন করা হয়। স্নাতক অথবা স্নাতকোত্তর ডিগ্রীধারী যারা গণিত বিষয়ে পারদর্শী তাদেরকেও অগ্রাধিকার দেয়া হয়েছিল। শিক্ষকতার অভিজ্ঞতা জরুরী ছিল না, তবে তারা অগ্রাধিকার পেয়েছিল। ২০১৪ অর্থ বছরের অবশিষ্ট সময়ের জন্য আর কোন আরটি নিয়োগ করা হবে না এবং ইতোপূর্বে নিয়োগপ্রাপ্ত ও কর্মরত আরটিগণ ডিসেম্বর ২০১৪ পর্যন্ত বহাল থাকবেন।

১২. আরটিদের যোগ্যতা যাচাই নির্ণায়ক:

যোগ্যতা যাচাইয়ের শর্ত হলো আরটিকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে। কর্মরত শিক্ষকগণকে অরটি পদে আবেদনের যোগ্য হিসেবে বিবেচনা করা হয়নি, কারণ তারা নিয়মিত ক্লাস গ্রহণের পাশাপাশি অতিরিক্ত ক্লাস পরিচালনা করতে পারবেন না। স্নাতক ডিগ্রীধারী, অবসরপ্রাপ্ত শিক্ষক এবং এমটিআরটিগণ আবেদন করেছিলেন। জাতীয় দৈনিক ও সেকায়েপের ওয়েব সাইটে বিজ্ঞাপনের মাধ্যমে আগ্রহী প্রার্থীদের আবেদন আহবান করা হয়। প্রকল্প মেধার ভিত্তিতে সংক্ষিপ্ত তালিকা তৈরী করেছিল। নির্বাচিত শিক্ষকগণ সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের সাথে চুক্তিবদ্ধ হন। একাধিক প্রতিষ্ঠানে কাজ করার জন্য কোন আরটি নির্বাচিত হয়ে থাকলে তাকে আলাদা আলাদা চুক্তি পত্রে স্বাক্ষর করতে হয়েছিল। প্রতিষ্ঠান প্রধান ও এসএমসি-এর সাথে চুক্তি মোতাবেক প্রদান করা হয়েছিল অতিরিক্ত ক্লাসের সম্মানী।

১৩. আরটি বেসিক ট্রেনিং:

পদায়নের পূর্বে কেন্দ্রিয়ভাবে আরটিদের জন্য ৬ দিনের মৌলিক প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছিল। প্রশিক্ষণের বিষয়ের সাথে ইংরেজি ও গণিতে বিষয়ভিত্তিক জ্ঞান ছাড়াও সংশ্লিষ্ট বিষয়গুলি শ্রেণি কক্ষে সফলতার সাথে শেখানোর কৌশলও অন্তর্ভুক্ত ছিল। বিভিন্ন সেশনে অংশগ্রহণমূলক পাঠদানের বিষয়ে আলোচনা করা হয়। প্রশিক্ষণের সময় আরটিদের দায়-দায়িত্ব ও সেকায়েপের বিভিন্ন কার্যক্রম সার্বিকভাবে আলোচনা করা হয়েছিল। এ পযন্ত ১১৬২ জন আরটি মৌলিক প্রশিক্ষণ ও ১০০২জন আরটিকে নবায়ন প্রশিক্ষণ দেয়া হয়েছে।

১৪. নবায়ন প্রশিক্ষণ:

আরটিদের জন্য দিনব্যাপী একটি ওরিয়েন্টেশন ২০১২ ও ২০১৩ একাডেমিক বছরে আয়োজন করা হয়েছিল। ২০১৪ একাডেমিক বছরে আরটিদের এক দিনের একটি নবায়ন প্রশিক্ষণ আয়োজন করা হবে। এতে আরটিগণ অতিরিক্ত ক্লাস বাস্তবায়নের অভিজ্ঞতা, বিভিন্ন সমস্যা ও সফলতা বিষয়ে পরস্পরের সাথে মত বিনিময় করতে পারবেন। তাঁরা অতিরিক্ত ক্লাসের আরো সফল বাস্তবায়নের জন্য প্রশিক্ষণ সেশনে উল্লিখিত সমস্যাসমূহের সমাধান খুঁজে বের করতে পারবেন।

১৫. বিশেষজ্ঞ শিক্ষকগণের পদায়ন:

সেকায়েপ নির্বাচিত প্রতিষ্ঠানসমূহে বিশেষজ্ঞ শিক্ষক পদায়ন করেছিল। ডিসেম্বর ২০১৪ সাল পর্যন্ত আরটি ও এসএমসি/এমএমসি' মধ্যে সম্পাদিত চুক্তি নবায়ন করা হয়েছিল। চুক্তিতে প্রতি একাডেমিক বছরে প্রতি ক্লাসে ও বিষয়ে গৃহীত অতিরিক্ত ক্লাস সংখ্যা সুস্পষ্টভাবে উল্লেখ আছে। আরটি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের কর্মরত শিক্ষক হলে স্কুল শুরুর আগে অথবা পরে এবং ছুটির দিনগুলিতে অতিরিক্ত ক্লাস পরিচালনা করবেন। পরিচালিত অতিরিক্ত ক্লাসের সংখ্যার ওপর ভিত্তি করে চুক্তি মোতাবেক আরটি ও এসটিদের সম্মানী প্রদান করা হয়।

১৬. চুক্তি এবং নবায়ন:

চলমান আরটি কর্মসূচির পদ্ধতি অনুযায়ী ২০১৪ একাডেমিক বছরের পরে প্রতিষ্ঠান প্রধানগণের সাথে সেকায়েপের চুক্তি আর নবায়ন হবে না। কোন প্রতিষ্ঠান-এ শর্ত ও প্রক্রিয়া মেনে না চললে ২০১৫ সালে চালু হতে যাওয়া সংশোধিত এসিটি স্কীমে উক্ত প্রতিষ্ঠান অযোগ্য বিবেচিত হবে (সংলাগ - ১)।

১৭. এসি-আরটি'র জন্য সচেতনতামূলক কর্মসূচি:

অতিরিক্ত ক্লাস সম্পর্কে সচেতনতা বৃদ্ধির জন্য পিটিএ এবং এসএমসি/এমএমসিসমূহকে সুসংগঠিত করা হবে। এতে তাঁরা ক্লাসে শিক্ষার্থীদের নিয়মিত উপস্থিতি নিশ্চিত করতে পারবেন। তাঁরা সচেতনতামূলক বার্তা এবং অতিরিক্ত ক্লাসের উপকারিতা সম্পর্কিত তথ্য নির্বাচিত শিক্ষার্থীদের অভিভাবক মহলে পৌছে দেবেন। অতিরিক্ত ক্লাসে শিক্ষার্থীদের উপস্থিতির জন্য মা-বাবাদের উদ্বুদ্ধ করতে হোম ভিজিট অব্যাহত রাখতে হবে। এছাড়া সচেতনতামূলক কাজের মধ্যে রয়েছে: কোন অর্থ ছাড়াই শিক্ষার্থীরা অতিরিক্ত ক্লাসের সুবিধা পাবে এ তথ্য মা-বাবাদের কাছে পৌছে দেয়া; প্রতি মাসে অতিরিক্ত ক্লাসের রুটিন সংগ্রহ ও যথাযথভাবে মনিটর করা; অতিরিক্ত ক্লাসের অগ্রগতি পিটিএ ও এসএমসি মিটিংয়ে আলোচনা করা; অতিরিক্ত ক্লাস সঠিকভাবে আয়োজন করার জন্য প্রতিষ্ঠান প্রধানকে পূর্ণ সহযোগিতা দেয়া; প্রতি মাসের রিপোর্ট এইচটি, পিটিএ, এসএমসি'এর যৌথ স্বাক্ষরে পাঠানো এবং অনুলিপি উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস বরাবর প্রেরণ করা।

১৮. সম্পূরক পুস্তক প্রণয়ন, বিতরণ ও ব্যবহার:

ইংরেজি বিষয়ের জন্য ৩টি শিক্ষকের পুস্তক ও ৩টি শিক্ষার্থীর পুস্তক মিলে সর্বমোট ৬টি পুস্তক এসি প্রতিষ্ঠানসমূহে বিতরণ করা হয়। ২টি পুস্তক (১টি শিক্ষকের পুস্তক + ১টি শিক্ষার্থীর পুস্তক) ১ম পত্র, ৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণির জন্য । আবার ২টি (১টি শিক্ষকের পুস্তক ও ১টি শিক্ষার্থীর পুস্তক) ১ম পত্র ৯ম ও ১০ম শ্রেণির জন্য প্রণয়ন করা হয়েছে। বাকী ২টি (১টি শিক্ষকের পুস্তক +১টি শিক্ষার্থীর পুস্তক) ২য় পত্র, ৬ষ্ঠ থেকে ৯ম ও ১০ শ্রেণির জন্য প্রণীত। অপরদিকে, গণিত বিষয়ের জন্য ৪টি শিক্ষকের পুস্তক ও ৪টি শিক্ষার্থীর পুস্তক মিলে মোট ৮টি পুস্তক প্রণীত ও এসি প্রতিষ্ঠানসমূহে বিতরণ করা হয়। তন্মধ্যে ২টি (১টি শিক্ষকের পুস্তক+১টি শিক্ষাথীর পুস্তক) ৬ষ্ঠ শ্রেণির এবং ২টি (১টি শিক্ষকের পুস্তক+১টি শিক্ষার্থীর পুস্তক) ৭ম শ্রেণির জন্য ও (১টি শিক্ষকের পুস্তক+১টি শিক্ষার্থীর পুস্তক), ২টি ৮ম শ্রেণির জন্য। বাকি ২টি (১টি শিক্ষকের পুস্তক+১টি শিক্ষার্থীর পুস্তক) ৯ম ও ১০ম শ্রেণির জন্য প্রণীত। শিক্ষকের জন্য প্রণীত সম্পূরক পুস্তকগুলি ইংরেজি ও গণিত বিষয়ের রিসোর্স শিক্ষকগণ পাঠ পরিকল্পনা ও শিক্ষা উপকরণ প্রস্তুত করার কাজে ব্যবহার করেন এবং শিক্ষার্থীগণ তাদের পুস্তকগুলি শ্রেণি কক্ষে

সহায়ক উপকরণ ও গৃহে কোন পাঠ ভালভাবে অনুধাবন করার কাজে ব্যবহার করে থাকেন।

১৯. শিক্ষার্থী নির্বাচনের শর্তসমূহ:

প্রতিষ্ঠান প্রধান সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে যোগ্য শিক্ষার্থীর তালিকা প্রণয়নের দায়িত্ব পালন করবেন। প্রত্যেক অতিরিক্ত ক্লাসে সর্বোচ্চ ৪০জন করে শিক্ষার্থী থাকবে। এ সংখ্যা ৪০ জনের বেশী হলে অতিরিক্ত শিক্ষার্থীদের জন্য একটি বাড়তি শাখার ব্যবস্থা করতে হবে। শিক্ষার্থীদের সংখ্যা যাই হোক দুটি সেকশনে সমানভাবে শিক্ষার্থী ভাগ করে পরিচালনা করা হবে অতিরিক্ত ক্লাস। ইংরেজি বিষয়ের জন্য ৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণি পর্যন্ত সকল শিক্ষার্থীই এসি কর্মসূচিতে যোগ দিতে পারবে। দুর্বল ও প্রাইভেট পড়ার সামর্থ্য নেই এমন শিক্ষার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। গণিত বিষয়ের জন্য এসি ক্লাসে শিক্ষার্থীর সংখ্যা ৪০জনের বেশী হলে প্রতিষ্ঠান প্রধান ও বিষয় শিক্ষক যোগ্য শিক্ষার্থীর ব্যাপারে সিদ্ধান্ত নিবেন।

নিম্নের শর্ত অনুসরণ করে সিদ্ধান্ত নেয়া হবে:

ক) দরিদ্র পরিবারের শিক্ষার্থী;

খ) পড়ালেখায় দুর্বল; এবং

গ) সকল পিএমটিধারী শিক্ষার্থী।

২০. ক্লাস রুটিন এবং নথি সংরক্ষণ:

প্রতিষ্ঠানের রুটিনে অতিরিক্ত ক্লাসের রুটিন প্রতিফলিত হবে। পাঠ পরিকল্পনা ও হাজিরা খাতাসহ সকল রেজিস্টার প্রতিষ্ঠান কর্তৃক রক্ষণাবেক্ষণ করা হবে। প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত অতিরিক্ত ক্লাস রিপোর্ট এবং এসএমসি ও পিটিএ প্রদত্ত হোম ভিজিট রিপোর্ট সংরক্ষণ করা হবে প্রতিষ্ঠানে। অতিরিক্ত ক্লাসের সম্মানী (আরটি) সংক্রান্ত নথিপত্র প্রতিষ্ঠানে সংরক্ষণ করা হবে ।

২১. এসি-আরটি বাস্তবায়নের অগ্রগতি পরিবীক্ষণ:

এসটিদের সহায়তায় আরটি কর্তৃক অতিরিক্ত ক্লাস পরিচালনা প্রধান শিক্ষক প্রতিষ্ঠান পর্যায়ে তদারক করবেন। মনিটরিং এর জন্য নির্ধারিত চেকলিস্ট ব্যবহার করবেন প্রধান শিক্ষক। উক্ত চেকলিস্ট মাসিকভাবে একবার পূরণ করে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ও সেকায়েপ অফিসে প্রেরণ করা হবে। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা শিক্ষার্থীর তালিকা, শিক্ষার্থীর অংশগ্রহণ ও আলাদাভাবে এসএমসি এবং পিটিএ-এর স্বচ্ছতা তদারক করবেন। নির্ধারিত ছকে আরটিগণ পরিচালিত অতিরিক্ত ক্লাসের সংখ্যা পূরণ করতে হবে। এতে প্রতিষ্ঠান প্রধান এবং এসএমসি/এমএমসি ও পিটিএ সভাপতি প্রতিস্বাক্ষর করবেন। সেকায়েপ কর্তৃক আরটিদের সম্মানী প্রস্তুত করার লক্ষ্যে প্রতি মাসে প্রধান শিক্ষক আরটি কর্তৃক পরিচালিত অতিরিক্ত ক্লাসের সংখ্যা সম্পর্কে প্রত্যায়ন দেবেন (সংলাগ - ৫)।

২২. এমইডব্লিউ এবং সেকায়েপ কর্তৃক পরিবীক্ষণ:

এমইডব্লিউ এবং সেকায়েপ কর্মকর্তাগণ এসি প্রতিষ্ঠানসমূহ পরিদর্শন এবং প্রতিষ্ঠান প্রদত্ত তথ্য যাচাই করবেন (সংলাগ-৪)। মনিটরিং রিপোর্ট প্রস্তুত করার জন্য উক্ত চেকলিস্ট সেকায়েপ কার্যালয়ে প্রক্রিয়াকরণ করতে হবে। সেকায়েপ ও এমইডব্লিউ নিয়মিত ফিল্ড ভিজিট অব্যাহত রাখবে এবং রুটিন অনুযায়ী নির্ধারিত অতিরিক্ত ক্লাস আয়োজন যাচাই করার জন্য নিজেদের মধ্যে মত বিনিময় করবে। এতদ্ব্যতীত, সেকায়েপ নিয়মিতভাবে টেলিফোনে অগ্রগতি মনিটর করে নিশ্চিত হবে যে আরটিগণ রুটিন অনুযায়ী ক্লাস পরিচালনা করছেন।

গ. সম্মানী প্রক্রিয়াকরণ:

২৩. সম্মানীর হার:

প্রত্যেক আরটি প্রতিটি অতিরিক্ত ক্লাসের জন্য ৫০০.০০ টাকা সম্মানী পাবেন। তবে এক মাসে একজন আরটি কতটি ক্লাস নিয়েছেন তা জানতে একটি নির্ধারিত ছকে প্রতিষ্ঠান প্রধানের প্রত্যায়ন লাগবে (সংলাগ- ৫)। এ প্রত্যায়ন আবার সেকায়েপে যাচাই

করা হবে। বর্তমান নীতিমালা ও নির্ধারিত হার অনুযায়ী অন্য কর্মচারীও সম্মানী পাবেন, তবে তাদের নিয়মিত দায়িত্ব পালনের পাশাপাশি অতিরিক্ত কাজ করতে হবে। এসি-আরটি কর্মসূচি পরিচালনার জন্য প্রতিষ্ঠানের প্রশাসনিক ব্যয় সেকায়েপ সরাসরি বিদ্যালয়ের হিসাব নম্বরে প্রেরণ করবে।

২৪. বিশেষজ্ঞ শিক্ষকগণের পাওনা পরিশোধঃ

রিসোর্স টিচার কর্তৃক গৃহীত অতিরিক্ত ক্লাসের রিপোর্ট প্রতিষ্ঠান প্রধানগণ নির্ধারিত ফরম অনুযায়ী (সংলাগ-৫) প্রতি মাসে সেকায়েপে প্রেরণ করবেন। সেকায়েপ তা যাচাইপূর্বক অর্থ প্রদানের অনুমোদন দেবে। রিসোর্স টিচারগণ প্রতি মাসে প্রতিষ্ঠান প্রধান/এসএমসি'র যৌথ হিসাব নম্বর থেকে ব্যাংক স্থানান্তর-এর মাধ্যমে সম্মানী গ্রহণ করবেন। রিসোর্স টিচারকে অগ্রিম কোন সম্মানী দেয়া যাবে না। প্রত্যায়ন ফরম যাচাই করার জন্য প্রতিষ্ঠান প্রধান প্রদত্ত রিপোর্ট এবং এসএমএস মনিটরিং ব্যবস্থার মাঝে পার্থক্য পরিলক্ষিত হলে শর্ত প্রতিপালনের জন্য মনিটরিং ব্যবস্থাসহ কমপ্লায়েন্স সার্ভে চালানো হবে। শুধুমাত্র ১ম ত্রৈমাসিক সম্মানী রিসোর্স টিচারগণ প্রতিষ্ঠানের কমপ্লায়েন্স মনিটরিং সার্ভে ব্যতিরেকে গ্রহণ করবেন। প্রধান শিক্ষক কর্তৃক প্রেরিত অতিরিক্ত ক্লাসের রিপোর্ট এবং বাস্তবে রিসোর্স টিচার কর্তৃক গৃহীত ক্লাসের মধ্যে যদি কোন পার্থক্য কমপ্লায়েন্স ভেরিফিকেশনের মাধ্যমে সনাক্ত হয় তাহলে আরটি কর্তৃক গৃহীত অর্থ প্রধান শিক্ষক ফেরত দিতে বাধ্য থাকবেন।

২৫. তথ্য এবং অর্থ প্রবাহ চিত্রঃ

প্রতিষ্ঠান অগ্রণী ব্যাংকের মাধ্যমে সেকায়েপ থেকে অর্থ গ্রহণ করবে। প্রতিষ্ঠান প্রধান রিসোর্স টিচার কর্তৃক গৃহীত প্রতি মাসে অতিরিক্ত ক্লাসের রিপোর্ট সেকায়েপে প্রেরণ করবেন। সেকায়েপ থেকে এসিএফ ফরম (সংলাগ-৬) প্রাপ্তির পরই প্রতিষ্ঠান প্রধান রিসোর্স টিচারকে সম্মানী পরিশোধ করতে পারবেন। তথ্য এবং অর্থ প্রবাহ চিত্র নিম্নোক্ত ছকের মাধ্যমে দেখানো হয়েছেঃ

সেকায়েপ ইউনিট সংগৃহীত তথ্য এমআইএস সেলে প্রেরণ করবে

↓

এমআইএস সেল তথ্য প্রক্রিয়াজাতকরণ করে খসড়া এসিএফ প্রস্তুত করে পিএমটিতে প্রেরণ করবে

↓

পিএমটিএ খসড়া এসিএফ ডাটা বেইজে একীভূত করে চূড়ান্ত এসিএফ তৈরী ও সেকায়েপে প্রেরণ করবে

↓

প্রকল্প পরিচালক (সেকায়েপ) এসিএফ অনুমোদন করে অগ্রণী ব্যাংকে পেমেন্ট অ্যাডভাইস প্রেরণ করবেন

↓

অগ্রণী ব্যাংক হেড অফিস পেমেন্ট অ্যাডভাইস অনুযায়ী উপজেলা শাখায় এবং শাখা অফিস বিদ্যালয়ের হিসাব নম্বরে অর্থ প্রেরণ করবে

↓

প্রতিষ্ঠান প্রধানের প্রত্যায়ন অনুযায়ী রিসোর্স টিচারকে তার সম্মানী পরিশোধ করবে

ঘ. দায়িত্ব ও কর্তব্য:

২৬. নিম্নোক্ত ছকে অতিরিক্ত ক্লাসের সাথে সম্পৃক্ত কেন্দ্রিয় ও স্থানীয় ব্যক্তিবর্গের দায়িত্ব ও কর্তব্য উল্লেখ করা হল:

সেকায়েপ কর্মকর্তাবৃন্দ

- উপজেলা এবং প্রতিষ্ঠানভিত্তিক অতিরিক্ত ক্লাস কর্মসূচির তথ্য সংরক্ষণ করা;
- অতিরিক্ত ক্লাসে অংশগ্রহণকারীদের সংগঠিত করা;
- আরটি এবং এসটিদের ট্রেনিং ম্যানুয়্যালের পরিবর্তন, পরিবর্ধন এবং উন্নয়ন করা;
- অতিরিক্ত ক্লাসের সকল দলিলাদি সংরক্ষণ করা (যেমন: চুক্তিনামা, পাঠ্যসূচী, পাঠ পরিকল্পনা ইত্যাদি);
- পরিচিতি অনুষ্ঠানে প্রধান শিক্ষক/সুপার এবং সহকারি প্রধান শিক্ষক/সহকারি সুপারদের প্রশিক্ষণের বিষয়গুলি উল্লেখ করা;
- প্রত্যহ টেলিফোনে অতিরিক্ত ক্লাস তদারকি করা;
- অতিরিক্ত ক্লাসের আর্থিক বিবরণীসমূহ সংগ্রহ ও সংরক্ষণ করা;
- বার্ষিক অতিরিক্ত বিষয়সমূহ তৈরী এবং পুন:যাচাই করা;
- এ ছাড়া যখন যা প্রয়োজন তা অতিরিক্ত ক্লাসের প্রয়োজনীয়তার ওপর ভিত্তি করে প্রয়োগ করা।

সেকায়েপ এম আই এস সেল

সেকায়েপ ইউনিট কর্তৃক সরবরাহকৃত তথ্যের ওপর ভিত্তি করে খসড়া এসিএফ প্রস্তুত করা।

পরিবীক্ষণ ও মূল্যায়ন অনুবিভাগ

- অতিরিক্ত ক্লাস এবং প্রতিষ্ঠান পরিদর্শন করা;
- স্কুল/প্রতিষ্ঠান হতে রিপোর্ট সংগ্রহ করা;
- পরিবীক্ষণ ও মূল্যায়ন দপ্তর কর্তৃক প্রাপ্ত পূরণকৃত পরিবীক্ষণ ফরম যাচাই করা;
- এসিএফ তৈরির জন্য পূরণকৃত পরিবীক্ষণ ফরমে চিহ্নিত সমস্যার ভিত্তিতে মাঠ পর্যায়ে পরিদর্শন করা;
- দ্রুত ফলাফল মূল্যায়ন পরিচালনা করা।

উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা

- শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রস্তুতকৃত অতিরিক্ত ক্লাসের পাঠ্যসূচী প্রতিস্বাক্ষর করা;
- অতিরিক্ত ক্লাসের কার্যকারিতা সম্পর্কে প্রকল্পে রিপোর্ট প্রদান; এবং
- পাঠ্যসূচী মোতাবেক অতিরিক্ত ক্লাস যাচাই করা।

স্কুল ম্যানেজিং কমিটি

- অতিরিক্ত ক্লাস কর্মসূচীতে অংশগ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করবে;
- ইংরেজি ও গণিত বিষয়ে অতিরিক্ত ক্লাস বাস্তবায়নের ক্ষেত্রে পূর্ণ সহায়তা প্রদান করা;
- স্কুল ম্যানেজিং কমিটির সভায় অতিরিক্ত ক্লাসের অগ্রগতি আলোচনা করতে হবে; যাচাই শেষে এসএমসির সভায় আরটিদের সম্মানী অনুমোদন দিতে হবে;
- অতিরিক্ত ক্লাসের গুণাগুণ (বার্ষিক/অর্ধ-বার্ষিক এবং চূড়ান্ত পাবলিক পরীক্ষার ফলাফলের সাহায্যে মূল্যায়ন) এবং রেজুলেশন বইয়ে মন্তব্য প্রদান করতে হবে।
- এসএমসি, পিটিএ এবং প্রধান শিক্ষক কর্তৃক স্বাক্ষরিত মাসিক রিপোর্ট প্রস্তুত করে সেকায়েপ ও মাধ্যমিক শিক্ষা অফিসারকে পাঠাবেন।

পিটিএ

- অতিরিক্ত ক্লাসে শিক্ষার্থীদের উপস্থিতি নিশ্চিত করতে হবে;
- অতিরিক্ত ক্লাসের উপকারিতা সম্পর্কে সংশ্লিষ্ট শিক্ষার্থীর অভিভাবকদের অবগত করানো;
- শিক্ষার্থীদের বাড়ী গিয়ে অতিরিক্ত ক্লাসের বিষয়ে অভিভাবকদের উৎসাহ দিতে হবে যেন তাদের সন্তানদের ক্লাসে পাঠায়;
- বিনামূল্যে অতিরিক্ত ক্লাসে অংশগ্রহণ করা যায় সে সম্পর্কে অভিভাবকদের তথ্য প্রদান;
- অতিরিক্ত ক্লাসের পাঠ্যসূচী সংগ্রহ এবং সে মতে যাচাই করা;
- পিটিএ'র সভায় অতিরিক্ত ক্লাসের অগ্রগতি সম্পর্কে আলোচনা করা;
- অতিরিক্ত ক্লাস সংগঠিত করার জন্য প্রতিষ্ঠান প্রধানকে পূর্ণ সহায়তা প্রদান এবং এসএমসি, পিটিএ ও প্রধান শিক্ষকের স্বাক্ষরসহ মাসিক রিপোর্ট প্রস্তুত করে সেকায়েপ দপ্তর ও মাধ্যমিক শিক্ষা অফিসারকে প্রদান করা।

প্রতিষ্ঠান প্রধান

- আরটিদের সংগে আলোচনা সাপেক্ষে অতিরিক্ত ক্লাসের মাসিক পাঠ্যসূচী প্রস্তুত করা;
- আরটিদের মাসিক ক্লাসের রিপোর্ট সেকায়েপ দপ্তরে প্রেরণ করা;
- আরটিদের বেতনের জন্য প্রত্যায়ন করা।

রিসোর্স টিচার (আরটি)

- প্রতিষ্ঠান প্রধান/এসএমসি'র সাথে চুক্তিনামাতে স্বাক্ষর করা;
- পাঠ্যসূচী মোতাবেক অতিরিক্ত ক্লাস সংগঠিত করা;
- মাসিক রিপোর্ট প্রস্তুত করে তা প্রধান শিক্ষক বরাবরে দাখিল করা।

বিষয় শিক্ষক (এসটি)

- অতিরিক্ত ক্লাসে অংশগ্রহণের জন্য শিক্ষার্থীদের উৎসাহ দেয়া;
- অতিরিক্ত ক্লাস চলাকালে আরটিকে সর্বাত্মক সহায়তা প্রদান করা।

সংলাগ-১

সেকায়েপ ও প্রতিষ্ঠানের মধ্যে চুক্তিনামা:

চুক্তিনামা প্রস্তুতের (তারিখ) ------------------------------ প্রকল্প পরিচালক, সেকেন্ডারি এডুকেশন কোয়ালিটি অ্যান্ড অ্যাকসেস এনহান্সমেন্ট প্রজেক্ট (সেকায়েপ)-কে প্রথম পক্ষ হিসেবে উল্লেখ করা হলো,

প্রতিষ্ঠানের স্কুল/মাদ্রাসার ম্যানেজিং কমিটি --------------- ইআইআইএন-------------------------

ঠিকানা ---
-------------------------------------- কে দ্বিতীয় পক্ষ হিসেবে উল্লেখ করা হলো।

প্রাক্কল্লিত অতিরিক্ত ক্লাস সংখ্যা (ইংরেজি) ২০১৪ সালের জন্য

৬ষ্ঠ শ্রেণি	৭ম শ্রেণি	৮ম শ্রেণি	৯ম শ্রেণি	১০ম শ্রেণি	মোট

প্রাক্কল্লিত অতিরিক্ত ক্লাস সংখ্যা (গণিত) ২০১৪ সালের জন্য

৬ষ্ঠশ্রেণি	৭ম শ্রেণি	৮ম শ্রেণি	৯ম শ্রেণি	১০ম শ্রেণি	মোট

উভয় পক্ষ নিম্নলিখিত শর্তাবলী মেনে চলবো:

১. প্রথম পক্ষের শর্তাবলী:

অতিরিক্ত ক্লাস কর্মসূচি বাস্তবায়নের ক্ষেত্রে এ প্রকল্প সার্বিকভাবে দায়ী থাকবে এবং এ ক্ষেত্রে:

ক) ইংরেজি এবং গণিত বিষয়ে সকল প্রকার সাহায্য এবং কারিগরি সহায়তা প্রদান করবে;

খ) চুক্তি বাস্তবায়নের ক্ষেত্রে দ্বিতীয় পক্ষকে সহায়তা প্রদান করবে এবং ভুলক্রমে কোন অর্থ পরিশোধ হয়ে থাকলে তা ফেরৎ আনবে।

দ্বিতীয় পক্ষের শর্তাবলী:

২. এসএমসি'র করণীয়:

ক) সার্বিক ব্যবস্থাপনার ক্ষেত্রে অধিকতর প্রত্যক্ষভাবে নিয়োজিত থাকবে, বিশেষ করে স্কুলের রেকর্ডপত্র প্রধান শিক্ষক দ্বারা যথাযথভাবে রক্ষণাবেক্ষণ করা হচ্ছে কি-না তা নিশ্চিত করতে হবে;

খ) অতিরিক্ত ক্লাসের শিক্ষার্থীদের জন্য সেকায়েপ প্রদত্ত তালিকা হতে ইংরেজি ও গণিত বিষয়ের আরটি পদায়ন করবে;

গ) সংশ্লিষ্ট বিষয়ের আরটি'র সাথে বিষয় শিক্ষককে সংযুক্ত করবে;

ঘ) অতিরিক্ত ক্লাসের বিষয়ে অভিভাবকদেরকে প্রভাবিত ও উৎসাহ প্রদানের জন্য প্রচার হবে;

ঙ) প্রতিষ্ঠানের অতিরিক্ত ক্লাস পর্যবেক্ষণ করতে হবে;

চ) পারলিক পরীক্ষা ও অভ্যন্তরীণ মূল্যায়নের মাধ্যমে অতিরিক্ত ক্লাসের উপকারিতা সম্পর্কে পর্যালোচনা করতে হবে।

৩. অতিরিক্ত ক্লাসের প্রয়োজনীয়তা সম্পর্কে অভিভাবকদেরকে তথ্য সরবরাহ এবং শিক্ষার্থীদের উপস্থিতি নিশ্চিত করতে হবে।

৪. প্রধান শিক্ষক/সুপার নিম্নবর্ণিত বিষয় দায়ী থাকবে:

ক) রেকর্ডসমূহ সঠিকভাবে রাখা: হাজিরা রেজিস্টার, একুইটেন্স রেজিস্টার, সেকায়েপের জন্য পৃথক পরিদর্শন রেজিস্টার, রেজুলেশন রেজিস্টার, এসএমসি/পিটিএ, ফলাফল শীট, হিসাব পাস রেজিস্টার এবং নিরীক্ষা রিপোর্ট;

খ) প্রকল্প কর্মকর্তা, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পিটিএ, এসএমসি/এমএমসি এর মধ্যে তৈরী রিপোর্ট বিনিময় করবে;

গ) স্কুল/মাদ্রাসার অর্থনৈতিক স্বচ্ছতা নিশ্চিত করবে;

ঘ) স্কুল /মাদ্রাসা পর্যায়ে স্বচ্ছতা এবং জবাবদিহিতা নিশ্চিত করতে অতিরিক্ত ক্লাস সম্পর্কিত সকল তথ্য জনসাধারণের জন্য উন্মুক্ত রাখতে হবে;

ঙ) আরটি কর্তৃক গ্রহণকৃত মোট অতিরিক্ত ক্লাসের বিষয়ে প্রধান শিক্ষক, এসএমসি/এমএমসি ও পিটিএ সভাপতি সুপারিশ করার জন্য দায়ী থাকবে;

চ) যাচাই প্রক্রিয়ায় কোন অভিযোগ বা কোন মিথ্যা সুপারিশ পাওয়া গেলে আরটিদের বেতন প্রধান শিক্ষক ফেরত দিতে বাধ্য থাকবেন।

৫. স্থিতিকাল এবং চুক্তি বাতিলকরণঃ

ক) উভয় পক্ষের স্বাক্ষরের তারিখ থেকে এ চুক্তিটি কার্যকর হবে এবং প্রথম পক্ষের নোটিশের ভিত্তিতে পুনরায় বার্ষিকভিত্তিতে নবায়ন হবে। তবে শর্ত থাকবে যে, কোন অনিয়ম করার রেকর্ড বা কোন অভিযোগ না থাকে;

খ) যদি কোন পক্ষ উল্লিখিত শর্ত পূরণ করতে ব্যর্থ হয় তবে অন্য পক্ষ ৩০ (ত্রিশ) দিনের লিখিত নোটিশে চুক্তি বাতিল করার ক্ষমতা রাখে।

স্বাক্ষর :	স্বাক্ষর :
তারিখ :	তারিখ :
প্রকল্প পরিচালক	সভাপতি ম্যানেজিং কমিটি
(দপ্তরের সীল)	(দপ্তরের সীল)

স্বাক্ষী:

ক) নাম (প্রধান শিক্ষক) : স্বাক্ষরঃ

তারিখঃ

খ) নাম (অভিভাবক) : স্বাক্ষরঃ

তারিখঃ

সংলাগ-২

অতিরিক্ত ক্লাসের জন্য কার্যকরি কমিটি

১) উপ প্রকল্প পরিচালক, ডিপিডি (এসি)

২) সহকারি পরিচালক, এডি (এসি)-সদস্য সচিব

৩) প্রকল্প কর্মকর্তাদ্বয় (ইংরেজি ও গণিত)

৪) জুনিয়র কনসালটেন্ট (ইংরেজি/গণিত)

৫) এমইডব্লিউ প্রতিনিধি

৬) এমআইএস সেল প্রতিনিধি

৭) এলজিইডি প্রতিনিধি

৮) বিএসকে প্রতিনিধি

৯) বিশ্ব ব্যাংক প্রতিনিধি (নিমন্ত্রিত)

কার্যকরী কমিটির কর্ম-পরিধিঃ

১. মাসে অন্ততঃ একবার অতিরিক্ত ক্লাসের বিষয়ে পর্যালোচনা ও প্রয়োগের ওপর কার্যকরি সভা অনুষ্ঠিত হবে;

২. এসি বাস্তবায়নের সময় উত্থাপিত সমস্যাগুলো চিহ্নিতকরণ;

৩. প্রতিষ্ঠান হিসাব তহবিল প্রবাহ মনিটর;

৪. এসির সাথে এসএমসি/পিটিএ সদস্যদের সম্পৃক্ততা মনিটর;

৫. এসি প্রতিষ্ঠানগুলোর অভ্যন্তরীণ ও পাবলিক পরীক্ষার ফলাফলের উন্নতি পর্যালোচনা;

৬. অতিরিক্ত ক্লাসের গুণগতমান নিশ্চিতকরণে পদক্ষেপ গ্রহণ।

সংলাগ-৩

অতিরিক্ত ক্লাসের সময়সূচি

প্রতিষ্ঠানঃ... ইআইআইএনঃ.....................................

উপজেলাঃ .... জেলাঃ......................................

বিষয়ের নামঃ ক) ইংরেজি, খ) গণিত

	শনিবার	রবিবার	সোমবার	মঙ্গলবার	বুধবার	বৃহস্পতিবার	শুক্রবার
ষষ্ঠ							
সপ্তম							
অষ্টম							
নবম							
দশম							

টীকাঃ

১. প্রতিটি এসি পাঠ এক ঘণ্টা সময়ের হবে;

২. প্রতি বছর প্রতি শ্রেণির (গ্রেড) প্রতি বিষয়ের প্রতি এসি সংখ্যা ৯০ অতিক্রম করবে না;

৩. প্রতিষ্ঠান কর্তৃপক্ষ ফরম্যাট অনুসরণ করে নিজস্ব এসি'র রুটিন তৈরি করবে ।

সংলাগ-৪

অতিরিক্ত ক্লাস মনিটরিং চেকলিস্ট

মনিটরিং অফিসারের নামঃ ....

ভ্রমণের তারিখঃ..

পদবীঃ...

পরিদর্শিত প্রতিষ্ঠানসমূহঃ

১।.. ইআইআইএনঃ.........................

২।.. ইআইআইএন.........................

৩।.. ইআইআইএন.........................

উপজেলাঃ .... জেলাঃ ....

প্রতিষ্ঠান প্রধানের নামঃ ....মোবাইল নং.ঃ ....

১. অতিরিক্ত ক্লাসের তথ্যঃ

ক. প্রাপ্ত রেকর্ড ও রেজিস্টারসমূহ

এসি রুটিন	শিক্ষার্থীদের উপস্থিতি	শিক্ষকদের উপস্থিতি	আরটি/এসটি/এইচটি/অন্যান্যের জন্য অ্যাকুইটেন্স রোল
হ্যাঁ/না	হ্যাঁ/না	হ্যাঁ/না	হ্যাঁ/না

খ. ইংরেজি বিষয়ে অতিরিক্ত ক্লাস সংখ্যা

শ্রেণি	পরিকল্পিত ক্লাসসমূহ		গৃহীত ক্লাসসমূহ		নাম	
	পূর্ববর্তী মাস	চলতি মাস	পূর্ববর্তী মাস	চলতি মাস	রিসোর্স টিচার (আরটি)	বিষয় শিক্ষক (এসটি)
ষষ্ঠ						
সপ্তম						
অষ্টম						
নবম						
দশম						

গ. গণিত বিষয়ে অতিরিক্ত ক্লাস সংখ্যা

শ্রেণি	পরিকল্পিত ক্লাসসমূহ		গৃহীত ক্লাসসমূহ		নাম	
	পূর্ববর্তী মাস	চলতি মাস	পূর্ববর্তী মাস	চলতি মাস	রিসোর্স টিচার (আরটি)	বিষয় শিক্ষক (এসটি)
ষষ্ঠ						
সপ্তম						
অষ্টম						
নবম						
দশম						

২. ক্লাস পর্যবেক্ষণ (গণিত/ইংরেজিটিকচিহ্ন (√) দিন)

শ্রেণি	অতিরিক্ত ক্লাসে শিক্ষার্থী সংখ্যা		বিষয়	নাম
	নিবন্ধিত	উপস্থিত	গণিত/ ইংরেজি	আরটি:
				এসটি:
পাঠ পরিকল্পনা ব্যবহার	বাড়ির কাজ সংগ্রহ	শিক্ষা উপকরণ ব্যবহার	পাঠ উপস্থাপনার ধরণ	গঠনমূলক মূল্যায়ন
হ্যাঁ/না	হ্যাঁ/না	হ্যাঁ/না	অংশগ্রহণমূলক/ সনাতন	হ্যাঁ/না

শিক্ষার্থীরা কতক্ষণ ক্লাসে থাকে?..

৩. শিক্ষার্থীদের কাছ থেকে সংগৃহীত তথ্য

আইটেম	গণিত					ইংরেজি				
	ষষ্ঠ	সপ্তম	অষ্টম	নবম	দশম	ষষ্ঠ	সপ্তম	অষ্টম	নবম	দশম
অতিরিক্ত ক্লাসে পৃথক নোট খাতা ব্যবহার করে এমন শিক্ষার্থীর শতকরা হার										
শিক্ষার্থীদের নোট খাতা অনুযায়ী অনুষ্ঠিত এসি সংখ্যা										
গণনাকৃত শিক্ষার্থীর সংখ্যা										
ক্লাসে ছাত্র উপস্থিতির স্থিতিকাল										
আরটিগণ কি সেকায়েপ কর্তৃক প্রদানকৃত প্রশিক্ষণ অনুসরণ করছেন?										

৪. প্রশিক্ষণের কার্যকারিতা:

পাঠ পরিকল্পনা প্রস্তুত		আকর্ষণীয় ভূমিকা		খেলা/ক্যুইজ/ ধাঁধা ব্যবহার		দলগত/ জোড়ায় কাজ		শিক্ষার্থী কর্তৃক উপস্থাপনা/মূল্যায়ন		প্রতিক্রিয়া			
										শিক্ষার্থী		আরটি/ এসটি	
হ্যাঁ	না	হ্যাঁ	না	হ্যাঁ	না	হ্যাঁ	না	হ্যাঁ	না	হ্যাঁ	না	হ্যাঁ	না
আরটি বেসিক ট্রেনিং কিভাবে আপনাকে ক্লাস নিতে সাহায্য করে? …………………………………………………………………………………………………… …………………………………………………………………													

৫. শিক্ষার্থীর বই ও শিক্ষকের বইয়ের উপযোগিতা সংক্রান্ত আরটি ও এসটিদের মতামত:

ক. সম্পূরক বইগুলো কি অতিরিক্ত ক্লাসে ব্যবহার করা হয়?

খ. এগুলো কিভাবে ব্যবহার করা হয়?

গ. শিক্ষার্থীরা কি এগুলো দ্বারা উপকৃত হচ্ছে?

ঘ. শিক্ষকগণ কি এগুলো দ্বারা উপকৃত হচ্ছে?

ঙ. পরিবর্তন/উন্নতির জন্য পরামর্শ:

………………………………………………………………………………………………

৬. মনিটরিং অফিসার/সংশ্লিষ্ট দায়িত্ব পালনকারী ব্যক্তির মন্তব্য:

………………………………………………………………………………………………

আরটিগণ কি সেকায়েপ কর্তৃক প্রদানকৃত প্রশিক্ষণের শিখন অনুসরণ করছেন?

………………………………………………………………………………………………

প্রতিষ্ঠান প্রধান কি সম্পৃক্ত?………………………………… কিভাবে? ……………………………………

৭. মনিটরিং অফিসার/সংশ্লিষ্ট দায়িত্ব পালনকারী ব্যক্তির প্রস্তাবনা:

……………………………………………………………………………………………………

…………………………………………………………………………

স্বাক্ষর:

(তারিখ ও সীলসহ)

সংলাগ-৫

প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক অতিরিক্ত ক্লাসের প্রতিবেদন ও প্রত্যায়ন

প্রতিষ্ঠানঃ... ইআইআইএন..

উপজেলাঃ .... জেলাঃ ....
মাসঃ..................., ২০১৪

বিষয়ঃ..

রিসোর্স টিচারের নাম	গৃহীত অতিরিক্ত ক্লাস সংখ্যা						মন্তব্য
	ষষ্ঠ	সপ্তম	অষ্টম	নবম	দশম	সর্বমোট	
ইংরেজিঃ							
গণিতঃ							

....

সভাপতি (এসএমসি/এমএমসি) সভাপতি (পিটিএ) প্রতিষ্ঠান প্রধান

(সীল) (সীল) (সীল)

টীকা: এসিএফ প্রস্তুত ও আরটিদের সম্মানীর জন্য প্রতিষ্ঠান কর্তৃপক্ষ উপরোক্ত প্রতিবেদন/সার্টিফিকেশন মাসিক ভিত্তিতে ইউএসইওকে একটি কপিসহ সেকায়েপ-এ প্রেরণ করবে।

সংলাগ- ৬

রিসোর্স টিচার কর্তৃক অতিরিক্ত ক্লাসের প্রতিবেদন

প্রতিষ্ঠান:.. উওওঘ:..

উপজেলাঃ ....জেলা:...

মাসঃ ...., ২০১৪বিষয়ঃ ....

রিসোর্স টিচারের নাম:...

শ্রেণি	শিক্ষার্থী সংখ্যা	অতিরিক্ত ক্লাস সংখ্যা		মন্তব্য
		পরিকল্পিত	গৃহীত	
ষষ্ঠ				
সপ্তম				
অষ্টম				
নবম				
দশম				
সর্বমোট			এসি	

রিসোর্স টিচারের স্বাক্ষর

নামঃ

প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর

নামঃ...........................

টীকা: প্রতিষ্ঠান প্রধান সংশ্লিষ্ট সেকায়েপ অফিসারকে উপরোক্ত প্রতিবেদন পাঠাবে।